

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট


বাকুবি চত্বর, ময়মনসিংহ-২২০২

স্মারক নং- বিনা/ইনোভেশন/কার্যবিবরণী-১১

তারিখঃ ২৪-১১-২০১৬ খ্রিঃ

বিষয়ঃ মাসিক ইনোভেশন সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২২-১১-২০১৬ খ্রিঃ তারিখে ইনোভেশন কমিটির এক সভা ড. মোঃ মনোয়ার করিম খান, পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার গৃহীত সিদ্ধান্তসমূহ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।


(ড. এম. মনজুরুল আলম মন্ডল)
পিএসও এবং
সদস্য সচিব, ইনোভেশন টিম

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থে)

- ১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিনা, ময়মনসিংহ।
- ২। পরিচালক (প্রশা. ও সা. সা.) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিনা, ময়মনসিংহ।
- ৩। পরিচালক (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিনা, ময়মনসিংহ।
- ৪। পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিনা, ময়মনসিংহ।
- ৫। ইনোভেশন কমিটির সম্মানিত সদস্যবৃন্দ।
- ৬। সকল বিভাগীয় প্রধান।
- ৭। ভরপ্রাপ্ত কর্মকর্তা, পরিকল্পনা ও উন্নয়ন কোষ।
- ৮। ইনচার্জ, ICT সেল (বিনা ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ৯। সংশ্লিষ্ট নথি।

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট

বাকুবি চত্বর, ময়মনসিংহ-২২০২

বিষয়ঃ মাসিক ইনোভেশন সভার কার্য বিবরণী


তারিখ	:	২২-১১-২০১৬ খ্রিঃ
স্থান	:	পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) এর দপ্তর
সময়	:	দুপুর ১২.০০ ঘটিকা
সভাপতি	:	ড. মোঃ মনোয়ার করিম খান, পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা)
উপস্থিত সদস্যবৃন্দঃ	:	পরিশিষ্ট "ক" এ সংযুক্ত।


ইনোভেশন টিমের সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। প্রতিষ্ঠানের ইনোভেশন কার্যক্রম সংক্রান্ত আলোচনায় ২০১৬ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। প্রতিষ্ঠানের ইনোভেশন কার্যক্রম সংক্রান্ত আলোচনায় নিম্নলিখিত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রমিক নং	২০১৬ সালের বাৎসরিক কর্মপরিকল্পনার আলোকে আলোচনা	বাস্তবায়ন অগ্রগতি	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	পরমাণু কৃষি বার্তা সম্পর্কিত ফেজবুক পেজ খোলা।	ইতোমধ্যে বিনার ওয়েব সাইটে পরমাণু কৃষি বার্তা সম্পর্কিত ফেজবুক পেজ খোলা হয়েছে।	---	সামাজিক যোগাযোগ কমিটি
২	কৃষি প্রযুক্তি ভাভারে বিনা উদ্ভাবিত প্রযুক্তি সংযুক্ত করা।	ধান ব্যতীত বিনা উদ্ভাবিত প্রযুক্তি সমূহ কৃষি প্রযুক্তি ভাভারের উপযোগী করে (ইউনিকোড-এ নিকোস ফন্টে) প্রস্তুত শেষ হয়েছে।	আগামী ২৭.১১.২০১৬ তারিখের মধ্যে ইনোভেশন টিমের সদস্য- সচিবের নিকট ধানের জাতগুলোর প্রয়োজনীয় তথ্য ও ছবি সরবরাহ করার জন্য উদ্ভিদ প্রজনন বিভাগের প্রধান-কে অনুরোধ জানানো হয়।	সদস্য-সচিব, ইনোভেশন টিম
৩	ই-টেন্ডার প্রচলন করা।	বিনায় ই-টেন্ডারের প্রস্তুতি সম্পূর্ণ হয়েছে।	পরবর্তীতে যে কোন ধরনের ক্রয় কার্যক্রম ই-টেন্ডারের মাধ্যমে সম্পূর্ণ করা হবে।	প্রধান, ইলেক্ট্রনিক্স, সংগ্রহ এবং প্রকৌশল শাখা
৪	শ্রমিক ও আনসারদের বেতন বিল অন- লাইনে পরিশোধের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।	সংশ্লিষ্ট IT সম্পর্কিত ০৩ টি ফার্মের কাছ থেকে প্রাক্কালন পেয়ে তা বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থ চেয়ে গত ০২-০৬-২০১৬ খ্রিঃ তারিখে নোট প্রদান করা হয় এবং মহাপরিচালক মহোদয় এ ব্যাপারে পরবর্তীতে পদক্ষেপ নেয়ার জন্য নির্দেশ দিয়েছেন।	বিনার ২০১৬ সালের বাৎসরিক কর্ম পরিকল্পনায় বিষয়টি অন্তর্ভুক্ত এবং আগামী ডিসেম্বর/২০১৬ মাসের মধ্যে অন-লাইনে শ্রমিক ও আনসারদের বেতন বিল পরিশোধের ব্যবস্থা নেয়ার বাধ্যবাধকতা রয়েছে বিধায় দ্রুত নোটটি অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সদস্য-সচিব এবং সভাপতি, ইনোভেশন টিম

ক্রমিক নং	২০১৬ সালের বাৎসরিক কর্মপরিকল্পনার আলোকে আলোচনা	বাস্তবায়ন অগ্রগতি	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৫	ভিডিও কনফারেন্স প্রচলন করা।	বিনা'য় ভিডিও কনফারেন্স করার প্রয়োজনীয় ব্যবস্থা স্থাপন করা হয়েছে।	দ্রুত ভিডিও কনফারেন্স ব্যবস্থা চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান, ইলেক্ট্রনিক্স শাখা

সভায় আর কোন আলোচনা না থাকায় টিমের সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (মোঃ মনজুরুল আলম মন্ডল)
 পিএসও এবং
 সদস্য সচিব, ইনোভেশন টিম


 (ড. মোঃ মনোয়ার করিম খান)
 পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) এবং
 সভাপতি, ইনোভেশন টিম